ঘোরাং যন্নাম বিবশো গৃণন্। ততঃ সদ্যো বিমুচ্যেত যদ্বিভেতি স্বয়ং ভয়ং। ইতি। ১৪৯
॥ স্পষ্টম্ ॥ ১১ ॥ শ্রীশৌনকঃ ॥ ১৪৯ ॥

২।৩।১৭—১৫ শ্রীশৌনকবাক্য দ্বারা "একবার মাত্র শ্রীভগবান্‌কে ভজন করিলেই যে সমস্ত আয়ুই সফল হইয়া থাকে, তাহা উল্লেখ করা হইয়াছে—"আয়ুর্হরতি বৈ পুংসাং উদ্যন্নস্তঞ্চমন্নসৌ।" এই সূর্য উদয় হইয়া এবং অস্ত যাইয়া পুরুষমাত্রের পরমায়ু হরণ করিতেছে। কেবল যে জন শ্রীহরিকথায় ক্ষণকালও অতিবাহিত করিতেছে, তাহারই পরমায়ু হরণ করে না। এই প্রকার ভক্তির আভাসমাত্রেও অজামিল প্রভৃতির নিখিল পাপ বিনাশ দেখিতে পাওয়া যায়। অল্লায়াসমাত্রে অনুষ্ঠিত ভক্তি এই যে সর্ব্বকর্ম্ম বিনাশ করিয়া পরমাগতি দান করিয়া থাকেন, তাহাও লঘুভাগবতে শুনিতে পাওয়া যায়—"বর্ত্তমানঞ্চ যৎপাপং যদ্ভূতং যন্তবিষ্যতি। তৎসর্ব্বং নির্দহত্যাশু গোবিন্দানলকীর্ত্তনাৎ॥" অনলস্থানীয় শ্রীগোবিন্দনাম কীর্ত্তনপ্রভাবে অতীত, বর্ত্তমান্ ও ভবিষ্যৎ যত যত পাপ আছে, সে সমস্তই বিনাশ পাইয়া থাকে। ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে সেইরূপই দেখিতে পাওয়া যায় যে—যথা কথঞ্চিৎ ভক্তিসম্বন্ধমাত্রে নিখিল পাপ বিনাশ হইয়া থাকে। "স সমারাধিতো দেবো মুক্তিকৃৎ স্যাৎ যথা তথা"। অনিচ্ছয়াপি হুতভুক্ সংস্পৃষ্টো দহতি দ্বিজাঃ"॥ হে দ্বিজগণ! অগ্নি যেমন অনিচ্ছাসত্ত্বেও সংস্পৃষ্ট হইলে দহন করিয়া থাকে, তেমনি ভগবান্ শ্রীহরি যেমন-তেমনভাবে আরাধিত হইয়াও মুক্তিদান করিয়া থাকেন। স্কন্দপুরাণে উমা-মহেশ্বর সংবাদেও দেখা যায়—"দীক্ষামাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ। কিং পুনর্যে সদা ভক্ত্যা পূজয়ন্ত্যচ্যুতং নরাঃ॥" মানবগণ কৃষ্ণমন্ত্রে দীক্ষাগ্রহণমাত্রে মুক্তিলাভ করিয়া থাকেন—এ বিষয়ে কোন সংশয় নাই। আর যে সকল মানব ভক্তিপূর্ব্বক সর্ব্বদাই শ্রীকৃষ্ণকে পূজা করিয়া থাকে, তাহারা যে মুক্তিলাভ করিবে—তাহাতো বলাই বাহুল্য। বৃহন্নারদীয়েও ঐ প্রকারই সংবাদ পাওয়া যায়। "অকামাদপি যে বিষ্ণোঃ সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে। ন তেষাং ভববন্ধস্তু কদাচিদভিজায়তে॥" যাহারা অনিচ্ছাসত্ত্বেও শ্রীবিষ্ণুর একবারমাত্র পূজা করে, তাঁহাদের কখনও ভববন্ধন হয় না। পদ্মপুরাণে দেবদ্যুতিস্তুতিতেও উল্লেখ আছে—"সকৃদুচ্চারয়েদ্ যস্তু নারায়ণমতন্দ্রিতঃ। শুদ্ধান্তঃকরণো ভূত্বা নির্ব্বাণমধিগচ্ছতি"॥ যে জন আলস্য ত্যাগ করিয়া একবারও "নারায়ণ" নাম উচ্চারণ করে, সে জন শুদ্ধচিত্ত হইয়া মোক্ষলাভের অধিকারী হয়। এই পদ্মপুরাণেরই অন্যপ্রসঙ্গে উল্লেখ আছে যে—"সম্পর্কাদ্ যদি বা মোহাদ্ যস্তু পূজয়তে হরিং। সর্ব্বপাপবিনির্মুক্তঃ প্রয়াসি পরমং পদম্॥" যে জন